সংবাদ

তারিখ 06 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

# মোড়েলগঞ্জের দেড় হাজার শিক্ষক বেতন বঞ্চিত দুই মাস

**প্রতিনিধি, বাগেরহাট**

বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের ১ হাজার ৪০০ জন শিক্ষক-শিক্ষিকা দুই মাস ধরে বেতন পাচ্ছে না। যার কারণে ওই শিক্ষক পরিবারে চরম আর্থিক কষ্ট দেখা দিয়েছে। শিক্ষকদের টাইম স্কেল, বর্তমান সরকারের দেয়া উন্নিত বেতন স্কেল ও জাতীয় বেতন স্কেল বিষয়ে শিক্ষা অফিস সমন্বয় করতে না পারায় গত মার্চ ও এপ্রিল মাসের বেতন পায়নি। অপরদিকে শিক্ষকদের এ দুরবস্থার সুযোগ নিয়ে শিক্ষক নেতারা বিল করানোর জন্য শিক্ষকদের কাছ থেকে জন প্রতি বিভিন্ন অঙ্কে টাকা আদায় করছে বলে অভিযোগ উঠেছে। এ বিষয়ে মোড়েলগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আনিসুর রহমান সাংবাদিকদের জানান, তিনি গত ২৭ মার্চ মোরেলগঞ্জ উপজেলায় যোগদান করেছেন। টাইম স্কেল, উন্নিত বেতন স্কেল ও জাতীয় বেতন স্কেল এগুলি আমার আসার আগেই হওয়ার কথা। পূর্ববর্তী অফিসাররা এগুলো নাকরে ফেলে রেখেছেন। আমার যোগদান করে নিজ উদ্যোগে জনবল নিয়োগ করে কাগজপত্র ঠিক করে বিল দেয়ার ব্যবস্থা করছি। শিক্ষক নেতাদের টাকা তোলার কথা তিনি শুনেছেন বলে জানান, তবে এ ব্যাপারে সুনির্দিষ্ট কোন অভিযোগ তার কাছে নেই।